

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৭-আইন/২০২৪/২৫৩-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫০-আইন/২০২১/১৪৭-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনূচ্ছেদ ১ এ উল্লিখিত “এর উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে প্রযোজ্য আগাম কর হইতে” শব্দগুলির পরিবর্তে “এর উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্যসমূহ উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ স্থানীয়ভাবে ত্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্যসমূহ উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে প্রযোজ্য আগাম কর হইতে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব